# Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 26 April, 2025

নেত্রকোণার কলমাকান্দা উপজেলায় ঝড় ও শিলাবৃষ্টির আঘাতে ব্যাপক ফসলহানি ও ঘরবাড়ি বিধ্বস্তের ঘটনা ঘটেছে। এতে উপজেলার বিভিন্ন এলাকায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ রয়েছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, শুক্রবার (২৫ এপ্রিল) দিবাগত রাতে হঠাৎ করে ঝড় ও শিলাবৃষ্টি শুরু হয়। শনিবার (২৬ এপ্রিল) উপজেলা কৃষি বিভাগ ক্ষয়ক্ষতি নিরূপণে মাঠ পর্যায়ে কাজ শুরু করেছে।

কৃষকরা জানান, উপজেলার বিভিন্ন এলাকায় কাঁচা-পাকা অবস্থায় থাকা বোরো ধান ঝড়ে জমিতে পড়ে নষ্ট হয়ে গেছে।অনেক জমিতে ধানের শীষ ভেঙে পড়ায় কৃষকদের মধ্যে চরম হতাশা বিরাজ করছে। বিশেষ করে লেংগুরা, চেংনী, গোড়াগাঁও, চৈতানগর, খারনৈ, বিশ্বনাথপুর, সেনপাড়া, বামনগাঁও, বাউশাম, উত্তর রানিগাঁও, গোবিন্দপুর, সুন্দরীঘাট, রামপুরসহ প্রায় ২৩টি গ্রামের প্রায় তিন হাজার কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছেন।

এছাড়া, ঝড়ে বেশ কয়েকটি কাঁচাঘর ও টিনের ঘরের চাল উড়ে গিয়ে বাড়িঘর আংশিক বা সম্পূর্ণভাবে বিধ্বস্ত হয়েছে।

কলমাকান্দা উপজেলা কৃষি কর্মকর্তা সাইফুল ইসলাম জানান, ঝড় ও শিলাবৃষ্টিতে প্রায় এক হাজার ১৮০ হেক্টর বোরো ধানের ক্ষয়ক্ষতি হয়েছে। মাঠ পর্যায়ে কৃষি অফিসের কর্মীরা কাজ করছেন এবং দ্রুত ক্ষয়ক্ষতির তালিকা তৈরি করে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠানো হবে বলে জানান তিনি।

লন্ডভন্ড ঝড়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:50

URL: https://www.timestodaybd.com/mymensingh/7758071498